# বর্ডার গার্ড বাংলাদেশ এ অসামরিক পদে যোগ দিন



১। বর্ডার গার্ড বাংলাদেশ এ নিম্নবর্ণিত অসামরিক পদসমূহে ভর্তির জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতঃ টেলিটক প্রিপেইড মোবাইল হতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে রেজিষ্ট্রেশন (Registration) করতে আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | | বেতন স্কেল | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রাতিষ্ঠানিক | অন্যান্য যোগ্যতা | | |
| ১। | সহকারী ওবিএম ড্রাইভার (পুরুষ) | ০৮ | এসএসসি/ সমমান পাস | ক। ডেক কর্মী প্রশিক্ষণ কেন্দ্র সোনাকান্দা, নারায়নগঞ্জ/ ডকইয়ার্ড খুলনা হতে প্রশিক্ষণপ্রাপ্ত সনদপত্র থাকতে হইবে। এছাড়া যে কোন প্রতিষ্ঠান/কোম্পানী হতে স্পীডবোট চালনায় এবং ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণের উপর ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতার সনদপত্র থাকতে হইবে।<br>খ। ওবিএম/যানবাহনের ইঞ্জিন ওভারহোলিং/ইলেকট্রিক/এসির কাজে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০-২১৮০০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |
| ২। | ওয়েল্ডার (পুরুষ) | ০২ | জেএসসি/ সমমান পাস | পেশাগত কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০-২১৮০০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |
| ৩। | পেইন্টার (পুরুষ) | ০৩ | জেএসসি/ সমমান পাস | পেশাগত কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০-২১৮০০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |
| ৪। | মেশন (পুরুষ) | ০১ | জেএসসি/ সমমান পাস | পেশাগত কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০-২১৮০০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |
| ৫। | ভলকানাইজার (পুরুষ) | ০১ | জেএসসি/ সমমান পাস | পেশাগত কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮৮০০-২১৩১০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |
| ৬। | বাবুর্চি (মহিলা) | ০৫ | জেএসসি/ সমমান পাস | হোটেল/প্রতিষ্ঠানে রান্নার কাজে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হইবে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৮২৫০-২০০১০/- টাকা তৎসহ বাড়ী ভাড়া এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | সকল জেলা |

২। অত্র বাহিনীর জনবল হ্রাস বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক মহোদয় (নিয়োগকারী কর্তৃপক্ষ) বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা কম/বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩। শারীরিক যোগ্যতা।

ক। উচ্চতা।
(১) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ১.৫২৪ মিটার (৫´ - ০´´)।
(২) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ১.৪২২ মিটার (৪´ - ৮´´)।

খ। ওজন।
(১) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৪৮.৬৩ কেজি
(২) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৩৬.৩৬ কেজি
তবে বয়স ও উচ্চতার উপর ভিত্তি করে ওজন কম/বেশী হবে।

গ। বুকের মাপ।
(১) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ৮১.২৮ - ৮৬.৩৬ সেঃ মিঃ ( ৩২´´- ৩৪´´)।
(২) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৭৬.২০ - ৮১.২৮ সেঃ মিঃ (৩০´´ - ৩২´´)।
(৩) উভয় ক্ষেত্রে সম্প্রসারণ- ৫.০৮ সেঃ মিঃ (২´´ কমপক্ষে)।

ঘ। দৃষ্টিশক্তি। ৬ / ৬ হতে হবে।

৪। বয়স।

ক। অবিবাহিত সাধারণ প্রার্থীর ক্ষেত্রে ০১-৭-২০২১ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর (জন্ম তারিখ ০২-৭-১৯৯১ হতে ০১-৭-২০০৩ এর মধ্যে হতে হবে)।

খ। বিবাহিত সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বিবাহকালীন বয়স পুরুষের ক্ষেত্রে ন্যূনতম ২৫ বছর এবং মহিলাদের ক্ষেত্রে ন্যূনতম ১৯ বছর হতে হবে (বিবাহের তারিখ পুরুষ ০২-৭-২০১৬ এবং মহিলা ০২-৭-২০১০ তারিখের পরে হতে হবে)।

গ। অবিবাহিত মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে ০১-৭-২০২১ তারিখে বয়স ১৮ হতে ৩২ বছর (জন্ম তারিখ ০২-৭-১৯৮৯ হতে ০১-৭-২০০৩ এর মধ্যে হতে হবে)।

ঘ। বিবাহিত মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের বিবাহকালীন বয়স পুরুষের ক্ষেত্রে ন্যূনতম ২৫ বছর এবং মহিলাদের ক্ষেত্রে ন্যূনতম ১৯ বছর হতে হবে (বিবাহের তারিখ পুরুষ ০২-৭-২০১৪ এবং মহিলা ০২-৭-২০০৮ তারিখের পরে হতে হবে)। উল্লেখ্য, বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। বৈবাহিক অবস্থা। বিবাহিত/অবিবাহিত।

৬। ভর্তির স্থান ও তারিখ। রেজিষ্ট্রেশনকৃত প্রার্থীদেরকে ভর্তির স্থান ও তারিখ এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৭। রেজিষ্ট্রেশন। বিজ্ঞপ্তির ক্রমিক ১, ৩ ও ৪ অনুযায়ী আগ্রহী প্রার্থীগণ যে কোন টেলিটক মোবাইল ফোন হতে নিম্নবর্ণিত Trade Code, SSC Board Code, Home District Code, Upazilla Name, Freedom Fighter Code ব্যবহার করে আগামী ১৩ মার্চ ২০২১ তারিখ ১০০০ ঘটিকা হতে ১৭ মার্চ ২০২১ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত ইংরেজিতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবেন ঃ

ক। ট্রেড কোড (Trade Code)। এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত পদ (Trade) এর পার্শ্বে উল্লেখিত নির্দিষ্ট Code ব্যবহার করতে হবে।

| Name of the Trade | Trade Code |
|---|---|
| Assistant OBM Driver | 65 |
| Welder | 66 |
| Painter | 67 |
| Mason | 68 |
| Volcanizer | 69 |
| Cook (Female) | 70 |

খ। SSC বোর্ড কোড। এসএমএস (SMS) প্রেরণের সময় এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পাশের নিম্নবর্ণিত বোর্ড কোড ব্যবহার করতে হবে ঃ

**SSC BOARD NAME AND BOARD CODE**

| Board Name | Board Code | Board Name | Board Code | Board Name | Board Code |
|---|---|---|---|---|---|
| Dhaka | DHA | Barishal | BAR | Madrasha | MAD |
| Rajshahi | RAJ | Sylhet | SYL | Bangladesh Open University (BOU) | OTH |
| Jashore | JAS | Chattogram | CHA | | |
| Cumilla | CUM | Dinajpur | DIN | Technical Board ★ | TEC/HBM/DIC/VOC (৪টি হতে যে কোন একটি নির্বাচন করতে হবে) |
| Diploma In Business Studies | DIB | Mymensingh | MYM | - | - |

★ Technical Board এর যে সকল প্রার্থীদের রেজাল্ট অনলাইনে পাওয়া যায় না, সে সকল প্রার্থীগণকে এসএমএস (SMS) প্রেরণের সময় বোর্ড কী ওয়ার্ড হিসেবে OTH টাইপ করতে হবে।

গ। Home District Code এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত Home District Code ব্যবহার করতে হবে ঃ

**Home District Name & District Code**

| District Name | District Code | District Name | District Code | District Name | District Code | District Name | District Code |
|---|---|---|---|---|---|---|---|
| Panchagarh | 01 | Kushtia | 17 | Netrakona | 33 | Shariatpur | 49 |
| Thakurgaon | 02 | Meherpur | 18 | Mymensingh | 34 | Sunamgonj | 50 |
| Dinajpur | 03 | Chuadanga | 19 | Sherpur | 35 | Sylhet | 51 |
| Nilphamari | 04 | Jhenaidah | 20 | Jamalpur | 36 | Moulavibazar | 52 |
| Lalmonirhat | 05 | Magura | 21 | Tangail | 37 | Habiganj | 53 |
| Rangpur | 06 | Narail | 22 | Kishoreganj | 38 | Brahmanbaria | 54 |
| Kurigram | 07 | Jashore | 23 | Manikganj | 39 | Cumilla | 55 |
| Gaibandha | 08 | Satkhira | 24 | Dhaka | 40 | Chandpur | 56 |
| Joypurhat | 09 | Khulna | 25 | Gazipur | 41 | Laxmipur | 57 |
| Bogura | 10 | Bagherhat | 26 | Narsingdi | 42 | Noakhali | 58 |
| Naogaon | 11 | Pirojpur | 27 | Narayanganj | 43 | Feni | 59 |
| Natore | 12 | Jhalokati | 28 | Munshiganj | 44 | Chattogram | 60 |
| Chapainowabgonj | 13 | Barishal | 29 | Faridpur | 45 | Coxsbazar | 61 |
| Rajshahi | 14 | Bhola | 30 | Rajbari | 46 | Khagrachari | 62 |
| Sirajgonj | 15 | Patuakhali | 31 | Gopalganj | 47 | Rangamati | 63 |
| Pabna | 16 | Barguna | 32 | Madaripur | 48 | Bandarban | 64 |

ঘ। মুক্তিযোদ্ধা বিষয়ক কোড (Freedom fighter related ) Code। এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত মুক্তিযোদ্ধা বিষয়ক (Freedom Fighter Related) Code ব্যবহার করতে হবে ঃ

| Freedom Fighter Related Code (মুক্তিযোদ্ধা বিষয়ক কোড) | |
|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে | M |
| মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান না হলে | N |

৬। এসএমএস (SMS) এর মাধ্যমে রেজিষ্ট্রেশন (Registration) করার নিয়মাবলী ঃ

(১) সহকারী ওবিএম ড্রাইভার (পুরুষ) পদে ভর্তিচ্ছুক প্রার্থীগণ যে কোন টেলিটক প্রিপেইড মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত তথ্যগুলি **CAPITAL LETTER** এ টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস (SMS) প্রেরণ করুন ঃ

**BGB<Space>TRADE CODE<Space>SSC BOARD CODE<Space>SSC ROLL<space>PASSING YEAR<space> HOME DISTRICT CODE<space>UPAZILLA NAME<space> FREEDOM FIGHTER CODE ➡ SEND TO 16222.**

উদাহরণঃ পদের নাম- Assistant OBM Driver, এসএসসি বোর্ড- DHAKA, রোল নম্বর- 236098, পাশের বছর- 2016, জেলা কোড- 40, উপজেলার নাম- MIRPUR, মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান না হলে, এই প্রার্থীর SMS হবে নিম্নরূপ ঃ

**BGB 65 DHA 236098 2016 40 MIRPUR N** (মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে **N** এর স্থলে **M** হবে)।

(২) ওয়েল্ডার (পুরুষ), পেইন্টার (পুরুষ), মেশন (পুরুষ), ভলকানাইজার (পুরুষ) এবং বাবুর্চি (মহিলা) পদে ভর্তিচ্ছুক প্রার্থীগণ যে কোন টেলিটক প্রিপেইড মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত তথ্যগুলি **CAPITAL LETTER** এ টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস (SMS) প্রেরণ করুন ঃ

**BGB<Space>TRADE CODE*CANDIDATES NAME*FATHER'S NAME*MOTHER'S NAME*DISTRICT CODE*UPAZILLA NAME* DATE OF BIRTH*FREEDOM FIGHTER CODE ➡ SEND TO 16222.**

উদাহরণ ঃ পদের নাম- Welder* নাম- Md Shohel Rana* পিতার নাম- Md Zahurul Islam*মাতার নাম- Mst Feroza Begum* নিজ জেলা-Gaibandha* উপজেলার নাম- Polashbari* জন্ম তারিখঃ-10/04/94* মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান না হলে এই প্রার্থীর SMS হবে নিম্নরূপ ঃ

**BGB 66*MD SHOHEL RANA*MD ZAHURUL ISLAM*MST FEROZA BEGUM*08*POLASHBARI*10/04/94*N**

(মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে **N** এর স্থলে **M** হবে)।

* প্রার্থীদের এসএমএস (SMS) প্রাপ্তির পর তাৎক্ষণিক তথ্য যাচাই করে যোগ্য প্রার্থীদেরকে একটি পিন (PIN) নম্বর সম্বলিত এসএমএস (SMS) টেলিটক নম্বরে প্রেরণ করা হবে। অযোগ্য প্রার্থীদের অযোগ্যতার কারণ এসএমএস (SMS) এ উল্লেখ থাকবে।
* যোগ্য প্রার্থীদের পিন (PIN) নম্বর প্রাপ্তির পর ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি প্রদান করতে ইচ্ছুক হলে পুনরায় টেলিটক মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নবর্ণিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস (SMS) প্রেরণ করতে হবে ঃ

**BGB<space>YES<space>PIN NO<space>Personal Contact number (any mobile operator) ➡ send to 16222**

উদাহরণ ঃ **BGB YES 89409812 01XXXXXXXXX**

- ভর্তি কার্যক্রমের ফি বাবদ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা কর্তন করা হবে বিধায় দ্বিতীয়বার মেসেজ প্রেরণের পূর্বে টেলিটকের প্রিপেইড মোবাইলের ব্যালেন্স এসএমএস (SMS) প্রেরণ চার্জসহ ন্যূনতম ১৬০.০০ (একশত ষাট) টাকা থাকা আবশ্যক।
- দ্বিতীয়বার এসএমএস (SMS) প্রাপ্তির পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বরসহ একটি কনফার্মেশন এসএমএস (SMS) টেলিটক ও প্রার্থীর নিজস্ব মোবাইলে প্রেরণ করা হবে।
- সহকারী ওবিএম ড্রাইভার (পুরুষ), ওয়েল্ডার (পুরুষ), পেইন্টার (পুরুষ), মেশন (পুরুষ), ভলকানাইজার (পুরুষ) এবং বাবুর্চি (মহিলা) পদে আবেদনকারী প্রার্থীদের ভর্তি পরীক্ষার রেজিষ্ট্রেশন নম্বর হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য নিম্নলিখিত তথ্যগুলি **CAPITAL LETTER** এ টাইপ করে টেলিটক প্রিপেইড মোবাইল হতে ১৬২২২ নম্বরে এসএমএস প্রেরণ করুন ঃ

**BGB<space>HELP<space>PIN<space> PIN Number ➡ SEND TO 16222**

উদাহরণ ঃ **BGB HELP PIN 6975 ➡ SEND TO 16222**

- শুধুমাত্র কনফার্মেশন মেসেজ প্রাপ্ত প্রার্থীগণের এসএমএস (SMS) এ সরবরাহকৃত নিজস্ব মোবাইল নম্বরে পরবর্তীতে BGB এর গ্রামীণ, রবি অথবা টেলিটক নম্বর (০১৭২৯০২৪৮৪৮,০১৮৪৭১৬৯৭৭৭ অথবা ০১৫৫২১৪৬১৫০) এর মাধ্যমে পরীক্ষার স্থান, তারিখ ও অন্যান্য তথ্যাদি জানিয়ে এসএমএস (SMS) করা হবে।
- পরীক্ষায় উপস্থিত হওয়ার তারিখ ও সময় সম্বলিত মেসেজ মুছে/ভুলে গেলে টেলিটক নম্বর থেকে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে নিম্নেলিখিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে এসএমএস প্রেরণ করুন।

**BGB<space>HELP<space>ROLL<space>CIVIL-541001 ➡ SEND TO 16222**

উদাহরণ ঃ **BGB HELP ROLL CIVIL-541001 ➡ SEND TO 16222**

**ফি জমা দেওয়ার পর আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না।**

৮। প্রার্থীদের মেডিক্যাল ও লিখিত পরীক্ষা গ্রহণ। নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক মেডিক্যাল, লিখিত, ব্যবহারিক, মৌখিক এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। অতঃপর যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকা মোতাবেক বরাদ্দকৃত কোটা অনুযায়ী শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই এইচবিএস এজি (HBs Ag), Dope Test, Fasting Sugar, HbA1C, Anti HCV এবং Serum Creatinine রক্ত পরীক্ষার জন্য বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা প্রেরণ করা হবে। উল্লেখ্য, এইচবিএস এজি (HBs Ag) ও Anti HCV রক্ত পরীক্ষায় Negative, Dope পরীক্ষায় Not Detected এবং Fasting Sugar, HbA1C ও Serum Creatinine রক্ত পরীক্ষায় স্বাভাবিক ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে।

৯। ভর্তির সময় অবশ্যই যা সংগে আনতে হবে।

ক। শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

খ। সংশ্লিষ্ট বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক অষ্টম শ্রেণী/এসএসসি/সমমান পাশের মূল প্রশংসা পত্রসহ সত্যায়িত ছায়াকপি যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।

গ। অভিভাবক কর্তৃক প্রার্থীর চাকুরীতে যোগদানের সম্মতি সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি (চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত)।

ঘ। সংশ্লিষ্ট পদে কাজ করার বাস্তব অভিজ্ঞতা সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঙ। ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

চ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ছ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত ল্যাবে প্রিন্টকৃত ১১ (এগার) কপি পাসপোর্ট সাইজের রংগীন ছবি (০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত)।

জ। বিবাহিত/অবিবাহিত সম্পর্কিত স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঝ। বিবাহিত প্রার্থীর ক্ষেত্রে কাবিননামার মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি ও স্বামী-স্ত্রীর রংগীন পোষ্ট কার্ড (3R) সাইজের ০২ (দুই) কপি যুগল ছবি যা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হতে হবে।

ঞ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ট। http://www.bgb.gov.bd লিংকে প্রবেশ করে ডাউনলোড অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের তথ্যাদির ফরমে ক্লিক করতে হবে এবং ফরমটি ডাউনলোড পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতঃ ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে।

১০। মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তানের জন্য। মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তান হিসেবে চিহ্নিত করণের জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ঔরশজাত সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যায়নপত্র, যা উপজেলা নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে। উল্লেখ্য মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির পর কোন প্রার্থীর জমাকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী আইনে বিচারের জন্য তাকে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১১। বিজিবি এর কর্মরত/অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যের সন্তানদের জন্য। প্রার্থীর সত্যায়িত ছবি, পিতার রেজিমেন্ট নম্বর, পদবী, নাম উল্লেখ পূর্বক স্থায়ী ঠিকানা সম্বলিত সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত ও উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি। এছাড়া কর্মরত বিজিবি সদস্যের সন্তানগণ পিতার বর্তমান পরিচয়পত্রের সত্যায়িত ছায়াকপি এবং অবসরপ্রাপ্ত শহীদ মৃত বিজিবি সদস্যের সন্তানগণকে তার পিতার পেনশন বহি, কার্যমুক্তি ছাড়পত্র ও পরিচয়পত্র (যা বিদ্যমান) নির্বাচনী পর্ষদের নিকট যাচাইয়ের নিমিত্তে উপস্থাপনের জন্য সংগে আনতে হবে।

১২। উপজাতীয়দের জন্য। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি সনদপত্র উপস্থাপন করতে হবে।

১৩। সরকারী এতিমখানা নিবাসী (এতিম) সদস্য। সরকারী ও সরকারী নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয়া প্রশংসাপত্র যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা, জন্ম এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর উল্লেখ থাকতে হবে।

১৪। বিশেষ দ্রষ্টব্য ঃ

ক। রেজিষ্ট্রেশন সময় প্রদত্ত মোবাইল নম্বরের মোবাইল সেটটি অবশ্যই সাথে আনতে হবে। বিজিবি কর্তৃক প্রেরিত নিশ্চিত মেসেজের কপি বা ফরওয়ার্ডকৃত মেসেজ গ্রহণযোগ্য হবে না।

খ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে বিজিবিতে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

গ। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে ভর্তি হয়েছে বলে প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ তাকে চাকুরী হতে 'বহিস্কার' করা হবে।

ঘ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীরত অবস্থায় 'বরখাস্ত' হলে সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।

ঙ। ভুল এসএমএস (SMS) গ্রহণযোগ্য হবে না এবং প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

চ। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে ক্লিপবোর্ড ও কলম সংগে আনতে হবে।

ছ। কোন প্রার্থী মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইসসহ ভর্তির স্থানে প্রবেশ করতে পারবে না।

জ। মাদক হইতে সাবধান। বিজিবিতে ভর্তি প্রক্রিয়ায় ডাক্তারী পরীক্ষার সময় মাদকাসক্ত ব্যক্তি নির্ণয় করার জন্য Dope Test করা হয়।

১৫। চূড়ান্তভাবে নির্বাচনের নিমিত্তে প্রার্থীকে লিখিত, মৌখিক, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে প্রার্থীদের যাতায়াতের জন্য কোন ভ্রমন ভাতা দেয়া হবে না।

১৭। ভর্তির সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় চাকুরী হতে 'বরখাস্ত' করে পুলিশের নিকট সোপর্দ করা হবে।

১৮। বিজিবি ওয়েব সাইট। ভর্তি সংক্রান্ত ব্যাপারে বিস্তারিত জানতে Visit করুন **www.bgb.gov.bd**

১৯। HELP DESK। এসএমএস সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য যে কোন মোবাইল ফোন হতে 01769600898 নম্বরে অথবা টেলিটক মোবাইল হতে ১২১ নম্বরে কল করুন।

**করোনা স্বাস্থ্যবিধি মেনে চলুন এবং সামাজিক দূরত্ব বজায় রাখুন।**

**➡ NO MASK NO ENTRY ⬅**

**বর্ডার গার্ড বাংলাদেশ এ ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন।**

উপ মহাপরিচালক
রেকর্ড উইং
মহাপরিচালকের পক্ষে